# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

بَابُ الْوَسْوَسَةِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِن الشَّيْطَان قد أيس أَنْ يَعْبُدَهُ الْمُصَلُّونَ فِي جَزِيرَةِ الْعَرَبِ وَلَكِنَّ فِي التحريش بَينهم» . رَوَاهُ مُسلم

বাংলা

৭২-[১০] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শায়ত্বন (শয়তান) এ বিষয়ে নিরাশ হয়ে গেছে যে, জাযীরাতুল ’আরাব-এর মুসল্লীরা তার ’ইবাদাত করবে, তবে সে তাদের পরস্পরের মধ্যে বিচ্ছেদ-বিচ্ছিন্নতা সৃষ্টির ব্যাপারে নিরাশ হয়নি। (মুসলিম)[1]

## English

Chapter: Evil Promptings - Section 1

He [Jabir] also reported God’s messenger as saying, "The devil has despaired of being worshipped by those who engage in prayer in Arabia, but he has hopes of setting them against one another.”

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৮১, আবূ দাঊদ ৩৩৭৪, আহমাদ ১৪৩৬৮, সহীহাহ্ ১৬০৮, সহীহ আল জামি‘ ১৬৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুসল্লীগণ শায়ত্বনের (শয়তানের) ‘ইবাদাত করবে- এ থেকে সে নিরাশ হয়ে গেছে। অর্থাৎ- শায়ত্বন (শয়তান) এ থেকে নিরাশ হয়ে গেছে যে, ইসলাম পরিবর্তন হয়ে দীনের ভিত্তি ধ্বংস হয়ে যাবে। কিংবা শির্কের

প্রকাশ ঘটে তা অব্যাহত থাকবে এবং সর্বশেষ নাবী আগমনের পূর্বে মানুষ যে অবস্থায় ছিল সে অবস্থায় ফিরে যাবে।

(وَلَكِنْ فِي التَّحْرِيشِ بَيْنَهُمْ) অর্থাৎ- এ থেকে নিরাশ হয়নি যে, ‘আরব উপদ্বীপের বাসিন্দাগণ একে অপরের বিরুদ্ধে ক্ষেপে যাবে এবং তাদের মাঝে ফিৎনার উদ্ভব ঘটবে। বরং এ কাজ সংঘটিত হওয়ার ব্যাপারে সে আশাবাদী। আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে বিষয়ে অবহিত করেছেন তা সংঘটিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54630

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন